# Telephone Conversation between PM and Prime Minister of Bhutan

April 16, 2020

## প্রধানমন্ত্রী এবং ভুটানের প্রধানমন্ত্রীর মধ্যে টেলিফোনে বাক্যালাপ

এপ্রিল 16,2020

প্রধানমন্ত্রী আজ ভুটান রাজ্যের হিজ এক্সলেন্সি ড. লোটায় ৎশেরিং, প্রধানমন্ত্রী(লিওনচেন)-এর সাথে ফোনে বাক্যালাপ করেছেন।

দুই প্রধানমন্ত্রী কোভিড-19- এর প্রাদুর্ভাবের আঞ্চলিক পরিস্থিতি নিয়ে আলোচনা করেছেন এবং এর প্রভাবকে নিয়ন্ত্রণ করার প্রচেষ্টায় তাদের নিজ নিজ সরকারের গৃহীত পদক্ষেপগুলির হাল হকিকত নিজেদের মধ্যে বিনিময় করেছেন।

রাজ্যের মধ্যে সংক্রমণ ছড়িয়ে পড়াকে নিয়ন্ত্রণ করার জন্য ভুটানের মহামান্য রাজা এবং লিওনচেন ৎশেরিং যেভাবে সামনে থেকে নেতৃত্ব দিয়েছেন তার জন্য প্রধানমন্ত্রী তার শ্রদ্ধা মিশ্রিত প্রশংসা ব্যক্ত করেছেন।

ভারতের মতো একটি বৃহৎ এবং দুরুহ দেশে অতিমারির সাথে লড়াই চালিয়ে যাওয়া স্বত্বেও আঞ্চলিক স্তরে কোভিড-বিরোধী সমন্বয় স্থাপনের কাজে ভারতের অগ্রণী ভূমিকা নেবার জন্য লিওনচেন ড.ৎশেরিং প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জ্ঞাপন করেছেন।

15ই মার্চে সার্কভূক্ত দেশগুলির মধ্যে ঐক্যমত হওয়া বিশেষ ব্যবস্থাপনার বাস্তবায়নের অগ্রগতির জন্য নেতারা তাদের খুশী ব্যক্ত করেছেন।

প্রধানমন্ত্রী ভারত-ভুটানের মধ্যে অন্তহীন এবং বিশেষ প্রকৃতির মৈত্রীর কথা উল্লেখ করেছেন, এবং স্বাস্থ্য ও আর্থিক ব্যবস্থার উপরে অতিমারির প্রভাবকে ন্যূনতম করার জন্য ভুটানকে ভারতের তরফ থেকে সবরকমের সম্ভাব্য সহযোগিতার বিষয়ে লিওনচেনকে আশ্বস্ত করেছেন।

হিজ ম্যাজেস্টি মহারাজা, লিওনচেন ড.ৎশেরিং এবং ড্রুক ইউল-এর সকল বন্ধুভাবাপন্ন মানুষের সুস্বাস্থ্য এবং কুশলতার জন্য প্রধানমন্ত্রী তার শুভকামনা জানিয়েছেন।

নিউ দিল্লি
এপ্রিল 16,2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA’s website and may be referred to as the official press release.